৩০/৮/২০০৭

যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# ঢাবির পরীক্ষা স্থগিত : অচলাবস্থা নিরসনে কর্তৃপক্ষের উদ্যোগ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ছাত্রদল আহূত লাগাতার ধর্মঘটের কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আগামী ৫ সেপ্টেম্বর পর্যন্ত নির্ধারিত সব পরীক্ষা স্থগিত করেছেন। পাশাপাশি অচলাবস্থা নিরসনের লক্ষ্যে ছাত্রদল ও ছাত্রলীগ নেতৃবৃন্দের সঙ্গে আলোচনারও উদ্যোগ নেয়া হয়েছে। গতকাল অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন উপাচার্য এ কে আজাদ চৌধুরী। সিদ্ধান্ত অনুসারে আগামী ১ সেপ্টেম্বর ছাত্রদল ও ২ সেপ্টেম্বর ছাত্রলীগকে আলোচনায় বসার আমন্ত্রণ জানিয়ে চিঠি পাঠানো হবে। ছাত্রলীগ এ উদ্যোগকে স্বাগত জানিয়েছে। অপরদিকে ছাত্রদলের সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু বলেছেন, অন্য নেতৃবৃন্দের সঙ্গে আলোচনার পর চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হবে। তবে আজ উপাচার্যের পদত্যাগের দাবিতে তার বাসভবনের সামনে ছাত্রদল পূর্বনির্ধারিত প্রতীক অনশন কর্মসূচি পালন করবে। সিন্ডিকেট ওই এলাকায় এর আগে সভা সমাবেশের ওপর নিষেধাজ্ঞা আরোপ করায় এ নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে।

ছাত্রদলের লাগাতার ধর্মঘটে দীর্ঘ এক মাস ধরে অচল হয়ে আছে ঢাকা বিশ্ববিদ্যালয়। পাঁচ দফা দাবিতে গত ২৯ জুলাই থেকে ধর্মঘট শুরু করে। মাঝে পাঁচদিন ধর্মঘট স্থগিত ছিল। এবার উপাচার্যের পদত্যাগের একদফা দাবি আদায়ে ধর্মঘটের পাশাপাশি বিভিন্ন কর্মসূচি পালন করে আসছে। ছাত্রলীগ শুরু থেকেই এ ধর্মঘটের বিরোধিতা করে আসছে। আজ থেকে সাধারণ ছাত্ররা অচলাবস্থা নিরসনের দাবিতে আন্দোলন শুরু করবে। আজ সকাল ১০টায় কেন্দ্রীয় লাইব্রেরির সামনে মুক্ত আলোচনা ও র‍্যালি শেষে ধারাবাহিক কর্মসূচি ঘোষণা করা হবে বলে জানা গেছে।

এদিকে ধর্মঘটের সমর্থনে ছাত্রদল ও এর প্রতিবাদে ছাত্রলীগ গতকাল ক্যাম্পাসে পৃথক মিছিল সমাবেশ করেছে।